**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ/ ২৯ আগস্ট ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস, আর, ও নং ২৮৯-আইন/২০১৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(২) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(৩) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৪) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৫) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্য ঃ টাকা ১২.০০

(৬) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৭) "ডিগ্রী", "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কোন পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা হইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তদকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে

কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করে যে , উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—তফসিল-এ উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) The Gazetted Officers' (National Security Intelligence) Recruitment Rules, 1981 এবং The Non-Gazetted Staff (National Security Intelligence) Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Rules দুইটির অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং চলমান কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উক্ত Rules দুইটি রহিত হয় নাই।

**তফসিল**

**[বিধি ২ (ক) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| ২ | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>অতিরিক্ত পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| ৩ | অতিরিক্ত পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>যুগ্ম-পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| ৪ | যুগ্ম-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে | পদোন্নতির ক্ষেত্রে ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক অথবা গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৬ | সহকারী পরিচালক | ৩০ বৎসর | ২৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিল্ড অফিসার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৭ | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৮ | টেলিফোন ইঞ্জিনিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগের জন্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক অথবা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ৯ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার | Computer Personnel (Government and Local Authorites) Recruitment Rules. 1985 অনুযায়ী। | | |
| ১০ | অ্যাকাউন্ট-কাম বাজেট অফিসার | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ের সমপদমর্যাদার কর্মকর্তা। |
| ১১ | রেডিও ইঞ্জিনিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>রেডিও টেকনিশিয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>রেডিও ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা ডিগ্রী। |
| ১২ | ফিল্ড অফিসার | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>জুনিয়র ফিল্ড অফিসার, আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট অথবা সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরিসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| | | | ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(১) স্নাতক ডিগ্রীসহ কম্পিউচার চালনার দক্ষতা;<br>(২) উচ্চতাঃ পুরুষদের ক্ষেত্রে ৫ ফুট ৩ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট - ০ ইঞ্চি; এবং<br>(৩) বুকের মাপঃ পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩০ ইঞ্চি—৩২ ইঞ্চি (সম্প্রসারিত);<br>তবে বিশেষ ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক দফা (২) এবং (৩) এর যোগ্যতা শিথিলযোগ্য। |
| ১৩ | কম্পিউটার টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৪ | রেডিও টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৫ | টেলিফোন টেকনিশিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পিএবিএক্স অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরিসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে দুই বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬ | হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | অ্যাকাউনট্যান্ট-কাম-ক্যাশিয়ার, ক্যাশিয়ার অথবা আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ হিসাবরক্ষণ বিষয়ে পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৭ | হেড অ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট অথবা সাঁট-লিপিকার- কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৮ | সাইফার অ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরিসহ সাইফার প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৯ | আপার ডিভিশন এসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | অফিস অ্যাসিসট্যান্ট অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২০ | অ্যাকাউনট্যান্ট-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> ঃ<br>অফিস অ্যাসিসট্যান্ট অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> ঃ<br>বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২১ | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস অ্যাসিসট্যান্ট অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২২ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers And Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ বাংলা শব্দের গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ এবং ইংরেজী শব্দের গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০। | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৩ | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government and Local Authorites) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৪ | জুনিয়র ফিল্ড অফিসার | ৩০ বৎসর | ৬০% পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ওয়্যারলেস অপারেটর পদে ২ (দুই) বৎসরের চাকুরি অথবা ওয়াচার কনস্টেবল পদে ৩ (তিন) বৎসরের চাকুরি সহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(১) স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনার দক্ষতা;<br>(১) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(২) উচ্চতা ঃ পুরুষদের ক্ষেত্রে ৫'-৩" এবং মহিলাদের ক্ষেত্রে ৫'-০"; এবং<br>(৩) বুকের মাপ ঃ পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩০"—৩২" (সম্প্রসারিত);<br>তবে বিশেষ ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক দফা (২) এবং (৩) এর যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২৫ | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers And Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ বাংলা শব্দের গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ এবং ইংরেজী শব্দের গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০। | | |
| ২৬ | ফটোগ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিভিন্ন ধরনের ক্যামেরা পরিচালনা ও ফটোগ্রাফিতে প্রশিক্ষণপ্রাপ্ত; ডার্করুমের |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | কাজ, কেমিক্যাল ব্যবহার ও ফটোগ্রাফিক ল্যাবরেটরি পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৭ | আর্মড নায়েক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বাংলাদেশ পুলিশ বাহিনীর সমপদমর্যাদাসম্পন্ন সদস্যদের মধ্য হইতে। |
| ২৮ | হেড কনস্টেবল | - | পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> ঃ<br>ওয়াচার কনস্টেবল পদে ৩ (তিন) বৎসরের চাকুরি।<br><br><u>প্রেষণের ক্ষেত্রে</u> ঃ<br>বাংলাদেশ পুলিশ বাহিনীর সমপদমর্যাদাসম্পন্ন সদস্যদের মধ্য হইতে। |
| ২৯ | ওয়্যারলেস অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বৈদ্যুতিক ও বেতার যন্ত্রপাতি এবং বেতারযন্ত্রে যোগাযোগের নিয়মাবলী সম্বন্ধে মৌলিক জ্ঞানসম্পন্ন; এবং মোর্স টেলিগ্রাফিতে প্রতি মিনিটে ২০-টি শব্দ গ্রহণ ও প্রেরণ করিতে সক্ষমতা এবং কম্পিউটার চালনায় দক্ষতা;<br>তবে টেলিযোগাযোগে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রাক্তন সশস্ত্র বাহিনী/পুলিশ বাহিনী- এর সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। |
| ৩০ | পিএবিএক্স অপারেটর | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> ঃ<br>টেলিফোন লাইনম্যান পদে ৩ (তিন) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> ঃ<br>মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৩১ | অ্যাসিসট্যান্ট লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২ | অফিস অ্যাসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৩৪ | মোটর মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ মোটর গাড়ী মেরামত সম্পর্কে পর্যাপ্ত জ্ঞানসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৫ | গাড়ী চালক | The Gazetted and Non Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৩৬ | ল্যাবরেটারী অ্যাসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফটোকেমিক্যাল তৈরীতে পর্যাপ্ত জ্ঞান, ছবি মুদ্রণ ও প্রক্রিয়াকরণে অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩৭ | ওয়াচার কনস্টেবল | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) উচ্চতা ঃ পুরুষদের ক্ষেত্রে ৫'-৪"এবং মহিলাদের ক্ষেত্রে ৫'-০"; এবং<br>(৩) বুকের মাপ ঃ পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩১"—৩৩" (সম্প্রসারিত);<br>তবে বিশেষ ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক দফা (২) এবং (৩) এর যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৩৮ | আর্মড কনস্টেবল | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বাংলাদেশ পুলিশ বাহিনীর সমপদমর্যাদাসম্পন্ন সদস্যদের মধ্য হইতে। |
| ৩৯ | টেলিফোন লাইনম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৪০ | ডার্করুম অ্যাসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফটোগ্রাফিক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ল্যাবরেটরির ডার্করুমে কাজের ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা ও ছবি মুদ্রণ পদ্ধতি সম্পর্কে বাস্তব জ্ঞান এবং সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪১ | ডেসপাস রাইডার | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৪২ | স্টাফ বাস হেলপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা। |
| ৪৩ | এমএলএসএস | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৪৪ | ক্লিনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা |
| ৪৫ | সুইপার | ''আউট সোর্সিং (Out Sourcing)'' এর মাধ্যমে ''সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা আক্তার**
পরিচালক।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd